



EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
MANILA, PHILIPPINES

প্রেস বিজ্ঞপ্তি

যথাযোগ্য মর্যাদায় ও আনন্দমুখর পরিবেশে বাংলাদেশ দূতাবাস, ম্যানিলায় মহান বিজয় দিবস উদযাপন

ম্যানিলা, ১৬ ডিসেম্বর ২০২২- যথাযোগ্য মর্যাদায় ও আনন্দমুখর পরিবেশে মহান বিজয় দিবস উদযাপন করেছে বাংলাদেশ দূতাবাস, ম্যানিলা। বিজয়ের ৫১ বছর উদযাপন উপলক্ষে ১৬ ডিসেম্বর সন্ধ্যায় দূতাবাস প্রাঙ্গনে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সকালে বাংলাদেশ ভবনে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির কার্যক্রম শুরু হয়। এরপর বিকেল চারটায় দূতাবাস প্রাঙ্গনে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে দ্বিতীয় পর্যায়ের অনুষ্ঠানের সূচনা হয়। দূতালয় প্রধান সায়মা রাজ্জাকীর সঞ্চালনায় আলোচনা অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়। এরপর ফিলিপাইনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এফ এম বোরহান উদ্দিনের নেতৃত্বে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী ও উপস্থিত প্রবাসী বাংলাদেশীগণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। অতঃপর দিবসটি উপলক্ষে প্রদত্ত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করেন দূতাবাস কর্মকর্তাবৃন্দ।

দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনায় রাষ্ট্রদূত বোরহান উদ্দিন শুরুতেই গভীর শ্রদ্ধায় স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। সেই সাথে জাতীয় চার নেতা, মহান স্বাধীনতা যুদ্ধে জীবন উৎসর্গকারী ৩০ লাখ শহীদ, ২ লক্ষ নির্যাতিতা মা-বোন, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং যুদ্ধে অংশগ্রহণকারী সকল মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য বর্ণনা করে মান্যবর রাষ্ট্রদূত বাঙালিদের প্রতি পাকিস্তানী শাসকগোষ্ঠীর বৈষম্যমূলক আচরণ এবং তদপরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধের মাধ্যমে বাঙালির বিজয় অর্জনের ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরেন। সেই সাথে তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য ও বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশের অর্জিত উত্তরোত্তর সাফল্য ও আর্থসামাজিক উন্নয়নগুলো তুলে ধরেন। রাষ্ট্রদূত বিদেশের মাটিতে বসবাসকারী প্রবাসী বাংলাদেশীদের বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করেন। একই সাথে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রেক্ষাপটে বাংলাদেশের অর্থনীতিকে সচল রাখার জন্য পৃথিবীর সকল প্রান্তে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের নিয়মিতভাবে বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণে উদাত্ত আহ্বান জানান।

পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ জাতীয় চার নেতা এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহীদদের স্মরণে এবং দেশ ও জাতির উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাতের মাধ্যমে আলোচনা সভার সমাপ্তি হয়।

(সায়মা রাজ্জাকী)

কাউন্সেলর ও দূতালয় প্রধান